গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয়

এবং

অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

# সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প (Vision) অভিলক্ষ্য , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং র্কাযাবলী

সেকশন ২ : বিভিন্ন র্কাযক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ

সংযোজনী ২ : কর্মসম্পাদনসূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয় বিভাগ/ দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

এনএসডিসি সচিবালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of National Skills Development Council Secretariat)

**সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

- জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিলের নির্দেশনায় বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের তত্ত্বাবধানে ২৬ টি সরকারি-বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ন্যাশনাল টেকনিক্যাল এন্ড ভোকেশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (এনটিভিকিউএফ)-এর আওতায় দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি চালু করা হয়েছে;
- বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা ব্যবস্থা ঢেলে সাজানোর লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান অবস্থা অবগত হওয়ার জন্য ২০১৩ সালে স্কিলস প্রোভাইডারস সার্ভে এবং ২০১৫ সালে সারাদেশে বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য TVET Institution Census 2015 পরিচালনা করা হয়েছে এবং আগস্ট, ২০১৬ মাসে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে:
- শিল্প প্রতিষ্ঠানের চাহিদার নিরিখে দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে শিল্পের চাহিদাভিত্তিক কারিকুলাম তৈরী করা হচ্ছে। এই কাজে সহায়তার লক্ষ্যে গত ০৩ বছরে ০৫টি শিল্প দক্ষতা পরিষদ (আইএসসি) গঠন করা হয়েছে।
- ০৬ লেভেলে এনটিভিকিউএফ ব্যবস্থা সরকার অনুমোদন করেছে ।
- ১৬২ টি রেজিস্টার্ড ট্রেনিং অর্গানাইজেশন (আরটিও) ও এ্যাসেসমেন্ট সেন্টার স্থাপন করা হয়েছে;
- ৪৫৭ জন প্রশিক্ষককে সনদায়িত করা হয়েছে;
- শিল্প প্রতিষ্ঠান থেকে ৪৫৫ জনকে এ্যাসেসর হিসেবে সনদায়িত করা হয়েছে;
- এনটিভিকিউএফ লেভেল-১ অনুযায়ী ২২৪২ জনকে সনদায়িত করা হয়েছে;
- এনটিভিকিউএফ লেভেল-২ অনুযায়ী ২২৭ জনকে সনদায়িত করা হয়েছে;
- আরপিএল পদ্ধতিতে প্রিভোক লেভেল-২ অনুযায়ী ৬৫১৯ জনকে সনদায়িত করা হয়েছে;
- আরপিএল পদ্ধতিতে লেভেল-১ অনুযায়ী ৪৫১৪ জনকে সনদায়িত করা হয়েছে;
- আরপিএল পদ্ধতিতে লেভেল-২ অনুযায়ী ২৫ জনকে সনদায়িত করা হয়েছে;
- বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও প্রশিক্ষণার্থীদের সংখ্যা নির্ধারণ, কারিকুলাম, স্ট্যান্ডার্ড প্রণয়ন ও অকুপেশন নির্বাচনে সহায়তা করার লক্ষ্যে শিল্প দক্ষতা পরিষদ (আইএসসি) ক্লাস্টারিং করা হয়েছে;
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণকে অধিকতর গুরুত্ব দিয়ে উন্নয়ন সহযোগীদের সহায়তায় গৃহীত নিম্নবর্ণিত প্রকল্পসমূহ চলমান রয়েছে;
  ক) স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি), বাংলাদেশ স্কিলস ফর এমপ্লয়মেন্ট এন্ড প্রোডাক্টিভিটি প্রজেক্ট (বি-এসইপি), সুদক্ষ প্রকল্প ও স্কিলস এন্ড ট্রেইনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (এসটিইপি), বি-স্কিলফুল, ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) কর্তৃক মাইগ্র্যান্ট ওয়ার্কারদের জন্য পরিচালিত দক্ষতা উন্নয়ন প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত নারী প্রকল্প চলমান রয়েছে;
- সরকারের ২৩ টি মন্ত্রণালয় ও ৩৫ বিভাগ, বেসরকারি ও এনজিও পরিচালিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় জোরদার করার লক্ষ্যে এনএসডিসি সচিবালয়ের মাধ্যমে-
  ক) এনএসডিসি কর্মপরিকল্পনা (প্রথম পর্যায়, জানুয়ারি ২০১৪ থেকে ডিসেম্বর-২০১৫) প্রণয়ন ও বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং
  খ) এনএসডিসি কর্মপরিকল্পনা (দ্বিতীয় পর্যায় ২০১৭ থেকে ২০২১ ) প্রণয়নের কাজ চলছে।
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয়ের লক্ষ্যে দেশেরে আট (০৮) টি বিভাগীয় শহরে আট (০৮) টি ডিভিশনাল লেভেল কনসালটেটিভ কমিটি গঠন করা হয়েছে;
- দক্ষতা উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয়ের লক্ষ্যে স্কিলস ডেভেলপমেন্ট ওয়ার্কিং গ্রুপ কার্যকর রয়েছে।
- জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA Act-2018 )আইন-২০১৮ এর খসড়া চূড়ান্ত করা হয়েছে।
- World Skills International এর সদস্যপদ লাভ করেছে;
- ২৩৪ টি ভিন্ন ভিন্ন অক্যুপেশন চিহ্নিতকরণ ও ট্রেডভিত্তিক ১০৬ টি ফ্লায়ার প্রণয়ন;
- ভার্চুয়াল স্কিলস ডেভেলপমেন্ট সিস্টেম উদ্ভাবন এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আয়োজিত ডিজিটাল ফেয়ার-২০১৭ এর স্টল এবং স্টেপ আয়োজিত মেলার স্কিলস প্রতিযোগিতার স্টলে ডেমনস্ট্রেশন;
- Analysis of Skills level in Furniture Sector এবং Analysis of Skills level in Pharmaceuticals Sector এর উপর গবেষণাপত্র প্রকাশ;

- 'ন্যাশনাল স্ট্রাটেজি ফর ইনক্লুশন অব দ্য পারসনস উইথ ডিজএ্যাবিলিটিজ ইন স্কিলস ডেভেলপমেন্ট' শীর্ষক কৌশলপত্র প্রণয়ন ও প্রকাশ;
- ইনফরমাল সেক্টরের জন্য সিএফএল, এলইডি লাইট ও চার্জার লাইট মেরামত ও রক্ষণাবেক্ষণ, সোলার প্যানেল মেরামত ও রক্ষণাবেক্ষণ, হোম এ্যাপ্লায়্যান্স মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং টাইলস ফিটিং এর উপর ০৪ টি পৃথক স্কিলস-বেজড লার্নিং ম্যাটেরিয়াল প্রণয়ন ;
- ছাত্রছাত্রীদেরকে অন লাইনের মাধ্যমে Technical and Vocational Education and Training (TVET) Institution -এ ভর্তি সংক্রান্ত তথ্যাবলী সরবরাহের পদ্ধতি প্রণয়ন;
- শিল্পদক্ষতা কাউন্সিল এর জন্য আইএসসি গাইড লাইন প্রণয়ন;
- সেটিং স্ট্যান্ডার্ডস ফর লাইফ স্কিলস ট্রেনিং শীর্ষক প্রকল্প গ্রহণ;
- উদ্যোক্তা উন্নয়নের উদ্দেশ্যে কাজ করার জন্য যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান ওয়াধওয়ানি ফাউন্ডেশনের সাথে লেটার অব ইনটেন্ট স্বাক্ষর এবং টিওটি প্রশিক্ষণ অনুষ্ঠিত; এবং
- ২০১৯ সালে রাশিয়ার কাজানে অনুষ্ঠিতব্য ওয়ার্ল্ড স্কিলস প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রস্তুতি হিসেবে বিভাগীয় স্তরে ০৮টিসহ জাতীয় দক্ষতা প্রতিযোগিতার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সমস্যাসমূহ

- অসংগঠিত টিভিইটি সেক্টর
- চাহিদা মোতাবেক ক্যারিকুলাম এর অভাব;
- মূল্যায়ন পদ্ধতি কারিগরি দক্ষতায় প্রতিফলিত হয় না;
- পর্যাপ্ত ল্যাবরেটরী/ওয়ার্কশপের অভাব;
- প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষকের স্বল্পতা;
- দুর্বল শিক্ষানবিশি ব্যবস্থা;
- অপর্যাপ্ত অবকাঠামো;
- দায়বদ্ধতার অভাব;
- বাজারের চাহিদা অনুযায়ী যোগানের অভাব;
- টিভিইটি প্রোভাইডার্স এবং শিল্প খাতের মধ্যে সংযোগহীনতা; এবং
- টিভিইটি সেক্টর সম্পর্কে সমাজে নেতিবাচক ধারণা।

চালেঞ্জসমূহ

- সরকারি, বেসরকারি পর্যায়ে প্রশিক্ষকদের মধ্যে সমন্বয়;
- কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের ক্ষেত্রে একক কারিকুলাম চালু;
- নীতিমালা অনুযায়ী যথাযথ মূল্যায়ন ও সনদায়ন ব্যবস্থা চালু;
- শিল্পের সাথে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সংযোগ বৃদ্ধি; এবং
- প্রশিক্ষিত প্রশিক্ষক পুল তৈরি।

ভবিষ্যৎ পরিকল্পনা

- শিক্ষানবিসির (Apprenticeship) আওতা বৃদ্ধি করা;
- জাতীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদাভিত্তিক বিভিন্ন অকুপেশন ও লেভেলে ৩০০ (তিনশত) অকুপেশনাল স্ট্যান্ডার্ড প্রস্তুত করা;
- প্রাথমিকভাবে বিভাগীয় পর্যায়ে এবং ক্রমান্বয়ে জেলা পর্যায়ে সমন্বিত জব প্লেসমেন্ট সেন্টার/ এমপ্লয়মেন্ট সেন্টার প্রতিষ্ঠা করা;

- বিভাগীয় পর্যায়ে দক্ষতা উন্নয়ন পরিচালনা কমিটি ইতোমধ্যে গঠিত হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে দক্ষতা উন্নয়ন পরিচালনা কমিটি গঠন করা;
- শ্রম বাজারে চাহিদা মেটানোর জন্য দক্ষতা উন্নয়নের চাহিদা বাড়ানোর লক্ষ্যে একটি শক্তিশালী এলএমআইএস গড়ে তোলা;
- প্রতি বছর ০১টি করে ডিজিটাল কনটেন্ট প্রতিযোগিতা অনুষ্ঠান সম্পন্নকরণ;
- বাংলাদেশের মত উন্নয়নশীল দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে কারিগরি শিক্ষা খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু এ সেক্টরে তেমন কোন গবেষণা কর্ম নেই। তাই বাংলাদেশের বৃহত্তম সামাজিক পটভূমিতে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সক্ষমতা শক্তিশালীকরণে একটি দক্ষ গবেষক পুল তৈরী হবে এবং দক্ষতা উন্নয়ন সংক্রান্ত গবেষণা কার্যক্রম চলমান থাকবে;
- এনএসডিসি সচিবলয়ের ডাটা স্কীল সিস্টেম উন্নয়ন করা। এর ফলে সচিবালয়ের স্কীল ডাটা সিস্টেম এর সাথে দক্ষতার সঙ্গে জড়িত সকল প্রতিষ্ঠানের ডাটা সিস্টেমের সংযোগ দেয়া যাবে। ফলে এনএসডিসি সচিবালয়ের স্কীল ডাটা সিস্টেম একটি জাতীয় তথ্য ভান্ডার হিসেবে চিহ্নিত হবে;
- পাবলিক প্রাইভেট পার্টনারশীপ মডেলে শিল্প ও শিক্ষা প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক যোগাযোগের মাধ্যম হিসেবে শিল্পখাতের প্রধান উদ্যোক্তা প্রতিষ্ঠান ও শিল্পপর্ষদগুলোর সমন্বয়ে আরো ০৩ (তিন) টি আইএসসি গঠন;
- ছাত্রছাত্রীদেরকে অন-লাইনের মাধ্যমে Technical and Vocational Education and Training (TVET) Institution -এ ভর্তি সংক্রান্ত তথ্যাবলী সরবরাহের পদ্ধতি বাস্তাবায়ন;
- ভার্চুয়াল স্কিলস ডেভেলপমেন্ট সিস্টেম বাস্তবায়ন; এবং
- আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে স্কিলস কম্পিটিশন আয়োজনের মাধ্যমে ২০১৯ সালে রাশিয়ার কাজানে অনুষ্ঠেয় ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশনে সাফল্যেরে সাথে অংশগ্রহণ নিশ্চিতকরণ।

২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য অর্জনসমূহ

- জাতীয় দক্ষতা উন্নয়ন সচিবালয়কে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় অধিকতর শক্তিশালী 'জাতীয় দক্ষতা উন্নয়ন অথরিটি' (এনএসডিএ) তে রূপান্তর করা হবে।
- জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর সংশোধন ও পরিমার্জন করা;
- প্রশিক্ষকদের ডেমোনেস্ট্রেশন এর মাধ্যমে শ্রেণীকক্ষে পাঠদান সক্ষমতা বৃদ্ধিকরণ বিষয়ে ভার্চুয়াল ক্লাশরুম এর পাইলটিং করা হবে;
- জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি উন্নয়নে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রশিক্ষণপ্রাপ্তদের ক্যারিয়ার নির্দেশনা দেওয়া ও ০২টি চাকুরি মেলা আয়োজন করা;
- শ্রম বাজারে চাহিদা মেটানোর জন্য দক্ষতা উন্নয়নের চাহিদা বাড়ানোর লক্ষ্যে একটি শক্তিশালী এলএমআইএস গড়ে তোলা ;
- নতুন নতুন প্রযুক্তির উদ্ভাবন ও প্রযুক্তিগত উন্নয়নের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিতে প্রতি বছর জাতীয় স্কিলস প্রতিযোগিতা আয়োজন ও বিশ্ব দক্ষতা প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- বিভাগীয় পর্যায়ে সমন্বিত জব প্লেসমেন্ট সেন্টার/ এমপ্লয়মেন্ট সেন্টার প্রতিষ্ঠা করা;এবং
- ছাত্র-ছাত্রীদেরকে অন লাইনের মাধ্যমে Technical and Vocational Education and Training (TVET) Institution -এ ভর্তি সংক্রান্ত তথ্যাবলী সরবরাহের পদ্ধতি বাস্তবায়ন।

# উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর / সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

এবং

অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

সেকশন ১

## ১.১ রূপকল্প (Vision)

স্বীকৃত মানের উন্নত দক্ষতা, জ্ঞান ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে শোভন কাজ পাওয়ার সক্ষমতা বৃদ্ধি ও কর্মসংস্থানের মাধ্যমে উন্নত জীবনমান।

## ১.২ অভিলক্ষ্য

যথাযথ মজুরি প্রাপ্তি , আত্ম-কর্মসংস্থান, পরিবর্তনশীল প্রযুক্তি ও শ্রম বাজারের সঙ্গে খাপ খাওয়ানোর সামর্থ্য তৈরি এবং দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ও দারিদ্র্য হ্রাস।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ

### ১.৩.১ এনএসডিসি সচিবালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ:

(ক) দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে কর্মসম্পাদনের সুযোগ বৃদ্ধি;

### ১.৩.২. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

(ক) দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে কর্মসম্পাদনের সুযোগ বৃদ্ধি;
(খ) উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মান উন্নয়ন;
(গ) প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন;
(ঘ) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
(ঙ) আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;

## ১.৪. এনএসডিসি সচিবালয়ের কার্যাবলী :

ক) দক্ষতা, উন্নয়ন ও প্রশিক্ষণ বিষয়ে আইন, নীতিমালা এবং পরিকল্পনা প্রণয়নের জন্য কাউন্সিলের নিকট প্রস্তাব প্রেরণ ও অনুমোদন গ্রহণ;
খ) শিল্পসহায়ক প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন এবং দক্ষতা উন্নয়নে শ্রমিকদের আগ্রহীকরণে কর্মসূচী গ্রহণ;
গ) বিশ্বমানের সাথে সংগতি রেখে পেশাগত দক্ষতার মান নির্ণয়করণ এবং সনদায়ন সংশ্লিষ্ট কার্যাদি নিস্পন্নকরণ;
ঘ) বিভিন্ন পেশা ও ট্রেডের উপযোগী দক্ষতা ও যোগ্যতা প্রমিতিকরণ;
ঙ) জাতীয় দক্ষতা সমীক্ষা পরিচালনা এবং ক্রমাগতভাবে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ডাটাবেজ তৈরি;
চ) কার্যনির্বাহী কমিটির কর্মকান্ড পরিচালনার প্রয়োজনে যেকোনো সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি সংস্থার নিকট হতে তথ্য-উপাত্ত, কারিগরি, সাচিবিক, লজিস্টিক্স ইত্যাদি বিষয়ে সহায়তা গ্রহণ;
ছ) জাতীয় দক্ষতা উন্নয়ন বিষয়ে কাউন্সিলের ও কাউন্সিলের নির্বাহী পর্ষদের সিদ্ধান্ত, পরামর্শ ও নির্দেশনা বাস্তবায়ন।

সেকশন ২

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমেরচূড়ান্ত ফলাফল/প্রভাব (outcome/ impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | পরিমাপের একক | প্রকৃত অর্জ্জ | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষমাত্রা ক্ষত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগের/ সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ Source of Data |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | | | ৮ | | | | | |
| ১। দক্ষতা উন্নয়ন | দক্ষতা উন্নয়নকৃত জনবল | জন | ৩০৮৬ | | ২০০০ | ২০০০ | ২০০০ | সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগ | বার্ষিক প্রতিবেদন |

## সেকশন ৩

### কৌশলগত উদ্দেশ, অগ্রাধিকার, কার্যক্রম, সম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-২০১৯ | | | | | প্রক্ষেপন ২০১৯-২০ | প্রক্ষেপন ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [১] দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে কর্মসম্পাদনের সুযোগ বৃদ্ধি | ৮৫ | [৩.১.] দক্ষ জনশক্তি তৈরি, কর্মমুখী প্রশিক্ষণ প্রদান এবং বিভিন্ন শিক্ষণ কর্মসূচি প্রণয়ন | [৩.১.১] প্রশিক্ষণ এবং ওয়ার্কশপে অংশগ্রহণকারী | সংখ্যা | ৭০ | ৩০৮৬ | ২৮০৭ (মে ২০১৮ পর্যন্ত) | ২০০০ | ১৯৫০ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ২১০০ | ২২০০ |
| | | [৩.২]আভ্যন্তরীণ প্রশিক্ষণ | [৩.২.১] প্রশিক্ষণ ঘণ্টা | সংখ্যা | ৮ | ৩০ | | ৩০ | ২৮ | ২৫ | ২২ | ২০ | | |
| | | | ৩.২.২ প্রশিক্ষণার্থী | সংখ্যা | ৭ | ৩০ | | ৩০ | ২৮ | ২৫ | ২২ | ২০ | | |

দপ্তর/ সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

দপ্তর/ সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম--৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Stragetic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম(Activities) | কর্মসম্পাদনের সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রার মান নির্ণায়ক- ২০১৮-১৯ | | | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম | উত্তম | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) | বর্তমানে মাসে মোট | বর্তমান বছরে মোট |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সংগে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | .৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | -- | -- | | |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন | | |
| | | ২০১৬-১৭অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৬ জুলাই | ১৮জুলাই | ১৯জুলাই | ২০জুলাই | ২৩জুলাই | | |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরীবিক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | ২ | - | - | | |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি | | |
| কার্য পদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলিং নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগৎপত জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগৎপত জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | সেবার মান সম্পর্কে সেবা গ্রহিতাদের মতামত ব্যবস্থা চলু করা | সেবার মান সম্পর্কে সেবা গ্রহিতাদের মতামত ব্যবস্থা কমপক্ষে ০২ | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | | |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | অনলাইনসেবা চালুকরা | | | | | | | | | |
| | | দপ্তর/সংস্থায় কমপক্ষে ০২ অনলাইনসেবা চালুকরা | কমপক্ষে ০২ অনলাইনসেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - | | |
| | | দপ্তর/সংস্থায় কমপক্ষে ০৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ০৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - | | |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত ও কাযার্লয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও (SIP) সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি | | |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও (SIP) রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | | | |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল | | |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | .৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল | | |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর | | |
| দক্ষতা ওনৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ সময় | জনঘন্টা | | | | | | | | |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরীবিক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩জুলাই | ৩১জুলাই | - | - | - | | |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - | | |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তথ্য অধিকার ও স্বপ্রোনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর | | |

আমি প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

প্রধান নির্বাহী কর্মকর্তা
এনএসডিসি সচিবালয়

তারিখ ১৭/০৬/২০২৮

অতিরিক্ত সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

তারিখ

শব্দসংক্ষেপ (Abbreviation) সংযোজনী-০১

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১. | এনএসডিসি | ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট কাউন্সিল |
| ২. | সিএসআর | করর্পোরেট স্যোশাল রেসপনসিবিলিটি |
| ৩. | আইএলও | ইন্টারন্যাশন্যাল লেবার অর্গানাইজেশন |
| ৪. | এনটিভিকিউএফ | ন্যাশনাল টেকনিক্যাল এন্ড ভোকেশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক |
| ৫. | এনএসডিপি | ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট পলিসি |
| ৬. | আরপিএল | রিকগনিশন অব প্রায়র লার্নিং |
| ৭. | বিটিইবি | বাংলাদেশ টেকনিক্যাল এডুকেশন বোর্ড |

সংযোজনী-০২: এনএসডিসি সচিবালয়ের কর্মসম্পাদন সূচকসমূহ, এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নং | কাযক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদদ্ধতি | সাধারন মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে কর্মসম্পাদনের সুযোগ বৃদ্ধি | এনএসডিপি-২০১১ অবহিতকরণ কর্মশালা | কর্মশালা | | কর্মসূচি অধিশাখা, এনএসডিসি সচিবালয় | সংখ্যা | |
| | এনএসডিসি কর্মপরিকল্পনা ২য় পর্যায় প্রণয়ন | কর্মশালা/ সভা | | কর্মসূচি অধিশাখা এনএসডিসি সচিবালয় | সংখ্যা | |
| | কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী বিভিন্ন প্রতিষ্ঠানে জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (এনটিভিকিউএফ) জোরদারকরণ | ১. প্রশিক্ষণ/ কর্মশালা | | কর্মসূচি অধিশাখা, এনএসডিসি সচিবালয় ও বিএম ইটি | সংখ্যা | |
| | কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে নারীর অন্তর্ভুক্তিকরণ | ১. প্রশিক্ষণ/ কর্মশালা | | সংশ্লিষ্ঠ সকল মন্ত্রণালয়/ বিভাগ | সংখ্যা | |
| | সার্টিফাইড ট্রেইনারস ও এ্যাসেসর তৈরিতে সহায়তা প্রদান | কর্মশালা | | সংশ্লিষ্ঠ সকল মন্ত্রণালয়/ বিভাগ | সংখ্যা | |
| | শিল্পখাতে শিক্ষানবিসি ব্যবস্থা জোরদার করণে উৎসাহিতকরণ; | ১. প্রশিক্ষণ/ কর্মশালা | | সংশ্লিষ্ট শিল্পখাত | সংখ্যা | |
| | পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (আরপিএল) বাস্তবায়নে বিটিইবিকে সহায়তাকরণ; | পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি | | এনএসডিসি সচিবালয় ও বিটিইবি | সংখ্যা | |
| | টিভিইটি প্রশিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে ডেমোনেস্ট্রেশন এর মাধ্যমে শ্রেণীকক্ষে পাঠদান সক্ষমতা বৃদ্ধিকরণ বিষয়ে ভার্চুয়াল প্রোগ্রাম এর পাইলটিং | | | এনএসডিসি সচিবালয় | সংখ্যা | |
| | দক্ষতা উন্নয়নে শিল্প খাতের ভূমিকা জোরদারকরণ। | আইএসসি গঠন | | এনএসডিসি সচিবালয় | সংখ্যা | |
| | টিভিইটি সেক্টরে বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও এর সমাধান কল্পে গবেষণা কার্যক্রম প্রণয়ন। | গবেষণা কর্ম | | এনএসডিসি সচিবালয় | সংখ্যা | |

সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়ের/ বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কাঁযক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| | এনএসডিপি-২০১১ বাস্তবায়ন | কর্মশালা/সভা | এনএসডিপি-২০১১ বাস্তবায়ন কার্যক্রম সহায়তা প্রদান | এনএসডিপি-২০১১ বাস্তবায়ন | দক্ষ জনশক্তি গড়ে তোলা সম্ভব হবে না । |
| | এনএসডিসি কর্মপরিকল্পনা ২য় পর্যায় বাস্তবায়ন | কর্মশালা/সভা | এনএসডিসি কর্মপরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান | এনএসডিসি কর্মপরিকল্পনা প্রণয়ন | দক্ষ জনশক্তি গড়ে তোলা সম্ভব হবে না । |
| | জেন্ডার স্ট্র্যাটেজি বাস্তবায়ন | কর্মশালা/সভা | এনএসডিসি কর্মপরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান | জেন্ডার স্ট্র্যাটেজি বাস্তবায়ন | কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণে নারীর অন্তর্ভুক্তি না হলে নারীর কর্ম সংস্থান ও ক্ষমতায়ন ব্যাহত হবে। |
| | National Strategy for Inclusion of Persons With Dis-abilities in Skill Development. | কর্মশালা/সভা | | | সমাজের বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের কর্ম সংস্থান ও ক্ষমতায়ন অন্তর্ভুক্তি ব্যাহত হবে। |
| | | | | | |